# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৮৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৮৫]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الِافْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৭: প্রথম তাকবীর ফরয

## فرض التكبيرة الأولى

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، قال: حَدَّثَنَا يَحْيَى، قال: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ، قال: حَدَّثَنِي سَعِيدُ بْنُ أَبِي سَعِيدٍ، عَنْأَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ الْمَسْجِدَ فَدَخَلَ رَجُلٌ فَصَلَّى، ثُمَّ جَاءَ فَسَلَّمَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرَدَّ عَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ: ارْجِعْ فَصَلِّ فَإِنَّكَ لَمْ تُصَلِّ فَرَجَعَ فَصَلَّى كَمَا صَلَّى، ثُمَّ جَاءَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَلَّمَ عَلَيْهِ فَقَالَ لَهُ: رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: وَعَلَيْكَ السَّلَامُ ارْجِعْ فَصَلِّ فَإِنَّكَ لَمْ تُصَلِّ فَعَلَ ذَلِكَ ثَلَاثَ مَرَّاتٍ فَقَالَ الرَّجُلُ وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ مَا أُحْسِنُ غَيْرَ هَذَا فَعَلِّمْنِي قَالَ: إِذَا قُمْتَ إِلَى الصَّلَاةِ فَكَبِّرْ ثُمَّ اقْرَأْ مَا تَيَسَّرَ مَعَكَ مِنَ الْقُرْآنِ ثُمَّ ارْكَعْ حَتَّى تَطْمَئِنَّ رَاكِعًا ثُمَّ ارْفَعْ حَتَّى تَعْتَدِلَ قَائِمًا ثُمَّ اسْجُدْ حَتَّى تَطْمَئِنَّ سَاجِدًا ثُمَّ ارْفَعْ حَتَّى تَطْمَئِنَّ جَالِسًا ثُمَّ افْعَلْ ذَلِكَ فِي صَلَاتِكَ كُلِّهَا .

تخريج دارالدعوه: صحيح البخارى/الأذان ٩٥ (٧٥٧)،١٢٢ (٧٩٣)، الإستئذان ١٨ (٦٢٥٢)، الأيمان والنذور ١٥ (٦٦٦٧)، صحيح مسلم/الصلاة ١١ (٣٩٧)، سنن ابى داود/الصلاة ١٤٨ (٨٥٦)، سنن الترمذى/الصلاة ١١١ (٣٠٣)، وقد أخرجه: (تحفة الأشراف: ١٤٣٠٤)، مسند احمد ٢/٤٣٧ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 885 - صحيح

বাংলা

৮৮৪. মুহাম্মাদ ইবনুল মুসান্না (রহ.) ..... আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (সা.) মসজিদে প্রবেশ করলেন। পরে এক ব্যক্তি মসজিদে প্রবেশ করল এবং সালাত আদায় করল, তারপর এসে রাসূলুল্লাহ (সা.)-কে সালাম দিল। রাসূলুল্লাহ (সা.) তার সালামের উত্তর দিয়ে বললেন, ফিরে যাও, আবার সালাত আদায় কর। কেননা তুমি সালাত আদায় করনি। সে ফিরে গিয়ে পূর্বের ন্যায় সালাত আদায় করে এসে রাসূলুল্লাহ (সা.) কে সালাম দিল। রাসূলুল্লাহ (সা.) তাকে বললেন, “ওয়া 'আলাইকাস সালা-ম”। ফিরে যাও, সালাত আদায় কর, কেননা তুমি সালাত আদায় করনি। তিনি তিনবার এমন করলেন। তারপর সে ব্যক্তি বলল, ঐ সত্তার শপথ! যিনি আপনাকে সত্য সহকারে পাঠিয়েছেন। আমি এর চেয়ে বেশী ভালো সালাত আদায় করতে জানি না। অতএব, আমাকে শিখিয়ে দিন। তিনি বললেন- যখন সালাতে দাঁড়াবে, তখন তাকবীর বলবে, তারপর কুরআন হতে যা তোমার পক্ষে সহজ হয় তা পাঠ করবে। তারপর রুকূ করবে ধীর-স্থিরভাবে। তারপর মাথা উঠাবে এবং সোজা হয়ে স্থিরভাবে দাঁড়িয়ে যাবে। এরপর সিজদা করবে ধীর-স্থিরভাবে, তারপর মাথা উঠিয়ে ধীর-স্থিরভাবে বসে পড়বে। অতঃপর এমনিভাবে তোমার সালাত পূর্ণ করবে।

## English

7. Obligation Of The First Takbir

It was narrated from Abu Hurairah that: The Messenger of Allah (ﷺ) entered the Masjid, then a man entered and prayed, then he came and greeted the Messenger of Allah (ﷺ) with Salam. The Messenger of Allah (ﷺ) returned his greeting and said: Go back and pray, for you have not prayed. So he went back and prayed as he has prayed before, then he came to the Prophet (ﷺ) and greeted him with Salam, and the Messenger of Allah (ﷺ) said to him: Wa alaika as-salam (and upon you be peace). Go back and pray for you have not prayed. He did that three times, then the man said: By the One Who sent you with the truth, I cannot do any better than that; teach me. He said: When you stand to pray, say the Takbir, then recite whatever is easy for you of Quran. Then bow until you have tranquility in your bowing, then stand up until you are standing straight. Then prostrate until you have tranquility in your prostration, then sit up until you have tranquility in your sitting. Then do that throughout your entire prayer.

### ফুটনোট

সহীহঃ বুখারী ৭৫৭, মুসলিম ৩৯৭, ইবনু মাজাহ ১০৬০, ইরওয়ালউল গালীল ২৮৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87258

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন